দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 17 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

007

# বগুড়া পলিটেকনিক ইনষ্টিটিউটে গুলী

বগুড়া থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, গতকাল রাত সাড়ে দশটার দিকে বগুড়া পলিটেকনিক ইনষ্টিটিউট চত্বরে কতিপয় ব্যক্তি হোষ্টেল লক্ষ্য করে বেশ কয়েক রাউণ্ড গুলী ছোড়ে।

পুলিশের একটি সূত্রে এ খবরের সত্যতা স্বীকার করে জানানো হয় যে, গত কয়েক দিন ধরে দু'টি দলের মধ্যে উত্তেজনার এক পর্যায়ে গতকাল রাতে এ ঘটনা ঘটে।

আগামীকাল থেকে ইনষ্টিটিউটে বিভিন্ন পরীক্ষা শুরু হবার কথা।